# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 09.07.2024 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) ১০ দিনের মধ্যে বাজারে শাক সব্জির দাম কমানোর নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

প্রতি সপ্তাহে টাস্ক ফোর্স-কে তিনি বৈঠকে বসতে ও তাঁকে রিপোর্ট দিতে বলেছেন।

কেন্দ্রে নতুন সরকার ক্ষমতায় আসার পরই নিত্য প্রয়োজনীয় সামগ্রী-র অগ্নিমূল্য নিয়ে প্রশ্ন তুলেছেন মুখ্যমন্ত্রী।

২) আড়িয়াদহের কুখ্যাত দুষ্কৃতি জয়ন্ত সিং ও তার দলবলের কুকীর্তির আরও ভিডিও প্রকাশ্যে আসার পর পুলিশ দু-জনকে গ্রেফতার করেছে।

শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর।

৩) চোর সন্দেহে তুলে এনে মারধোর করায় এক যুবকের মৃত্যু হয়েছে বলে অভিযোগ উঠেছে ঢোলাহাট থানার বিরুদ্ধে।

৪) রাজ্যের **৪ টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন** আগামীকাল।

৫) কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগে মহামেডান স্পোর্টিং আজ ৩-১ গোলে আর্মি রেড দলকে পরাজিত করেছে।

oooooooooooooooooooooooo

এক শ্রেণীর মুনাফালোভী ব্যবসায়ী ও মধ্যস্বত্ত্বভোগীর জন্যই বাজারে শাক সব্জির অস্বাভাবিক মূল্যবৃদ্ধি হয়েছে বলে তীব্র ক্ষোভ প্রকাশ করে

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, ১০ দিনের মধ্যে দাম কমানোর নির্দেশ দিয়েছেন। আজ নবান্নে, আনাজপাতির অগ্নিমূল্য নিয়ে বাজার কমিটি, টাস্ক ফোর্স, প্রশাসনের শীর্ষ আধিকারিক এবং সংশ্লিষ্ট বিভিন্ন দফতরের কর্তাদের সঙ্গে নিত্য প্রয়োজনীয় সামগ্রী বাজারদর নিয়ে বৈঠকে তিনি বলেন, বড় ব্যবসায়ীরা হিমঘরে আলু আটকে রেখেছেন। বাজারের মূল্য পরিস্থিতির ওপর নজরদারির জন্য গঠিত টাস্ক ফোর্সের কাজে তিনি হতাশ। হিমঘরে সঞ্চিত ৪৫ লক্ষ টন আলুর ২৫ শতাংশ রেখে বাকিটা ধাপে ধাপে বাজারে ছাড়ার নির্দেশ দেন তিনি। শাক সব্জির গত বছরের দামের সঙ্গে এবছরের দামের তুল্যমূল্য তুলে ধরে মুখ্যমন্ত্রী বলেন, দাম এতোটাই বেড়েছে যে, বাজারে যেতে ভয় পাচ্ছে মানুষ। বাজারদর নিয়ন্ত্রণে টাস্ক ফোর্সকে তিনি প্রতি সপ্তাহে  বৈঠকে বসতে ও তাঁকে রিপোর্ট দিতে বলেছেন।

মহারাষ্ট্রের নাসিকের বদলে স্থানীয় কৃষকদের কাছ থেকে আরও বেশি সুখসাগর পেঁয়াজ সরাসরি কিনে সুফল বাংলা স্টলের পাশাপাশি বাজারে সরবরাহ করার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

(বাইট – মুখ্যমন্ত্রী/ পেঁয়াজ)

রাজ্যের চাহিদা পূরণের আগে এখানকার আলু পেঁয়াজ প্রতিবেশী রাজ্য বা দেশে পাঠানো যাবে না বলে তিনি স্পষ্ট জানিয়ে দেন। বাজার কমিটিগুলিকে সতর্ক করে দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, পুলিশ, এনফোর্সমেন্ট ব্রাঞ্চ, আই বি, টাস্ক ফোর্স সবাই মিলে কালোবাজারি রুখতে নজরদারি চালাবে।

কেন্দ্রে নতুন সরকার ক্ষমতায় আসার পর নিত্য প্রয়োজনীয় সামগ্রীর অত্যধিক মূল্যবৃদ্ধি হয়েছে বলে মন্তব্য করেন তিনি।

(বাইট – মুখ্যমন্ত্রী/মূল্যবৃদ্ধি)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার আড়িয়াদহে মা-ছেলেকে রাস্তায় ফেলে পেটানোর ঘটনায় খবরের শিরোনাম হয়ে ওঠা জয়ন্ত সিং ও তার দলবলের কুকীর্তির আরও ভিডিও প্রকাশ্যে এসেছে। স্থানীয় তালতলা স্পোর্টিং ক্লাবের ভেতরে একজনকে মহিলাকে নৃশংসভাবে লাঠি পেটা করার ভিডিও নিয়ে রাজনৈতিক চাপানউতোর তুঙ্গে। তবে, তৃণমূল কংগ্রেসের দাবি, ভিডিও-টি ২০২১ সালের। এখন এটি প্রকাশ্যে এনে রাজনীতি করা হচ্ছে।

এপ্রসঙ্গে বিজেপি-র রাজ্য সভাপতি, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, জয়ন্ত সিং যেভাবে মানুষের ওপর অত্যাচার, মহিলাদের আক্রমণ এবং শাসক দলের কর্মীদের অস্ত্র চালনার প্রশিক্ষণ দিচ্ছে, তাতে তার বিরুদ্ধে দেশদ্রোহিতার মামলা হওয়া উচিত। তৃণমূল কংগ্রেস, জয়ন্ত সিং-এর মতো দুষ্কৃতিদের নেতা বানিয়ে ভোটের কাজে ব্যবহার করে বলেও অভিযোগ করেছেন তিনি।

(বাইট – সুকান্ত)

সোশ্যাল মিডিয়ায় ভিডিওটি প্রকাশ হওয়ার পর জাতীয় মহিলা কমিশন, রাজ্য পুলিশের ডিজি-র কাছে তিন দিনের মধ্যে বিশদে অ্যাকশন টেকেন রিপোর্ট তলব করেছে।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, অত্যাচারের আর এক নাম তৃণমূল কংগ্রেস। এই দলে গেলে যা খুশি তাই করার অধিকার জন্মায়।

(বাইট – অধীর)

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ, ওই ভিডিও-র ব্যাপারে কড়া বার্তা দিয়ে বলেছেন, যারা এই কাজ করেছে, তাদের দৃষ্টান্তমূলক শাস্তি হওয়া উচিত। এধরনের নৃশংসতা তৃণমূল কংগ্রেস কখনোই বরদাস্ত করবে না।

(বাইট – কুনাল)

এদিকে, ক্লাবের মধ্যে মারধোরের ভিডিওর ছবি দেখে সুভাষ ও ছোটু নামে দু-জনকে গ্রেফতার করেছে পুলিশ। বেলঘরিয়া থানা এবং ব্যারাকপুর পুলিশ কমিশনারেট স্বতঃপ্রণোদিত মামলা রুজু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার সাঁকরাইলে পারিবারিক সমস্যা মেটাতে সালিশি সভা ডেকে এক ব্যবসায়ীর বাড়িতে তান্ডব চালানোর অভিযোগ উঠল শাসক দলের বিরুদ্ধে। পাঁচলার জুজুরসাহা গ্রাম পঞ্চায়েতের উপ প্রধান শেখ খলিল আহমেদের নেতৃত্বে শ দেড়েক ছেলে হাতে লাঠি-রড-ধারালো অস্ত্র নিয়ে তাঁর বাড়িতে হামলা চালায় বলে অভিযোগ করেছেন শাহাবুদ্দিন নামে ওই ব্যবসায়ী । কোনরকমে প্রাণে বাঁচেন তিনি। হামলাকারীরা আলমারি ভেঙে ৪০ হাজার টাকা নগদ, সোনার গহনা ও দামি মোবাইল সেট নিয়ে পালিয়ে যায় বলেও তাঁর অভিযোগ । পুলিশ এপর্যন্ত ২ জনকে গ্রেফতার করেছে। অভিযোগ অস্বীকার করেছেন খলিল আহমেদ।

০০০০০০০০০০০০০০০০০০০

চোর সন্দেহে থানায় তুলে এনে মারধরের ফলে এক যুবকের মৃত্যুর অভিযোগে দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবন পুলিশ জেলার ঢোলাহাট থানার সামনে প্রবল বিক্ষোভে আজ পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পরিবারের দাবি, এক আত্মীয়ের বাড়ি থেকে সোনার গয়না চুরির অভিযোগে ২২ বছরের আবু সিদ্দিক হালদারকে পয়লা জুলাই বাড়ি থেকে ঢোলাহাট থানায় তুলে নিয়ে যায় পুলিশ। থানায় প্রচন্ড মারধর করা হয় তাকে। এর জেরেই মৃত্যু হয় তার। যুবকের সারা গায়ে কালশিটের একটি ভিডিও-ও পরিবারের তরফে প্রকাশ করা হয়েছে।

অন্যদিকে, সুন্দরবনের পুলিশ সুপার কোটেশ্বর রাও-এর দাবি, চৌঠা জুলাই কাকদ্বীপ মহকুমা আদালতে জামিন পাওয়ার সময় সুস্থই ছিলেন আবু

সিদ্দিক। যদিও, সেকথা অস্বীকার করে পরিবারের এক সদস্য জানিয়েছেন, হাঁটতে পারছিলেন না তিনি। প্রশ্ন উঠেছে, পয়লা জুলাই থানায় নিয়ে যাওয়ার পর, চৌঠা জুলাই কেন ওই যুবককে আদালতে তোলা হল। গুরুতর অসুস্থ অবস্থায় আবু সিদ্দিক-কে প্রথমে মথুরাপুর, তারপর ডায়মন্ড হারবার ও চিত্তরঞ্জন হাসপাতালে ভর্তি করতে না পেরে পরিবার তিলজলার একটি নার্সিং হোমে নিয়ে যায়। গতকাল রাত সাড়ে ৯-টা নাগাদ মারা যান আবু সিদ্দিক।  তাঁর দেহ ময়না তদন্তে পাঠানো হয়েছে। থানার আই সি ও এক সাব্ ইনস্পেক্টরের বিরুদ্ধে পরিবারের অভিযোগের ভিত্তিতে বিভাগীয় তদন্ত শুরু করেছে পুলিশ।

oooooooooooooooooooooo

হাইকোর্টের নির্দেশে টেটের উধাও ওএমআর শিটের তথ্যের সন্ধানে আজ কলকাতার সার্দান এ্যাভেনিউয়ে এস বসু রায় অ্যান্ড কোম্পানির দফতরে ফের হানা দেয় সিবিআই। এ বার তদন্তকারীদের সঙ্গে ছিলেন কম্পিউটার বিশেষজ্ঞ এবং সাইবার বিশেষজ্ঞ।

গত শুক্রবারই কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজাশেখর মান্থা বলেছিলেন, ২০১৪ র টেটের ওএমআরশিটের তথ্য উদ্ধার করতে প্রয়োজনে তৃতীয় পক্ষের সাহায্য নিতে পারে সিবিআই।

সূত্রের খবর, এস বসু রায় অ্যান্ড কোম্পানির কম্পিউটারে থাকা তথ্য খতিয়ে দেখে ২০১৪ সালের টেট পরীক্ষার ওএমআর শিটের তথ্য খুঁজে বার করার চেষ্টা করবেন বিশেষজ্ঞেরা।

oooooooooooooooooooo

রাজ্যের ৪ টি বিধানসভা আসনে উপনির্বাচনে আগামীকাল ভোট নেওয়া হবে। ডিসিআরসিগুলিতে আজ সকাল থেকেই ব্যস্ততা। উত্তর

দিনাজপুরের **রায়গঞ্জ,** নদীয়ার **রানাঘাট দক্ষিণ,** উত্তর ২৪ পরগণার **বাগদা** এবং কলকাতার **মানিকতলা** - এই চারটি আসনে ভোট গ্রহণ শুরু হবে সকাল ৭'টায়। চলবে সন্ধে ৬'টা পর্যন্ত। ভোট গণনা শনিবার **১৩'ই** জুলাই। ভোটদাতার সংখ্যা প্রায় **১০** লক্ষ। প্রার্থী রয়েছেন ৩৫ জন।

ভোটগ্রহণ অবাধ, শান্তিপূর্ণ ও সুষ্ঠু করতে মোতায়েন করা হয়েছে মোট ৭০ কোম্পানী **কেন্দ্রীয় বাহিনী**। ক্যুইক রেস্পন্স টিম থাকছে মানিকতলায় ৪৯, রানাঘাট দক্ষিণ ও বাগদায় ৩০-টি করে এবং রায়গঞ্জে ৩৮-টি। মোট ১ হাজার ৯৭-টি বুথের মধ্যে রানাঘাট দক্ষিণে ৬২-টি, বাগদায় ৩৯, মানিকতলায় ২১ এবং রায়গঞ্জে ২০-টি বুথকে সংকটপ্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে।

oooooooooooooooooooo

মাওবাদী হামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত অর্ণব দামের বর্ধমান বিশ্ববিদ্যালয়ে পি এইচ ডি তে ভর্তি, আপাতত স্থগিত হয়ে গেল। গতকাল বিশ্ববিদ্যালয়ের তরফে বিজ্ঞপ্তি জারি করে জানানো হয়, পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত ইতিহাসে পিএইচডিতে ভর্তির প্রক্রিয়া আপাতত বন্ধ রাখা হল। অন্যান্য বিষয়ে ভর্তি যথারীতি চলবে।

২৬ শে জুন ইতিহাসে পিএইচডির প্রবেশিকা পরীক্ষায় প্রথম হন হুগলী সংশোধনাগারে বন্দি অর্নব। আজ তাঁর ভর্তি হবার কথা ছিল। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্বতী উপাচার্য গৌতম চন্দ্র জানিয়েছেন, পিএইচডি করার জন্য বিশ্ববিদ্যালয়ে উপস্থিত থেকে ৬ মাসের কোর্স ওয়ার্ক করতে হয়। অর্ণব কিভাবে তা করবেন, সংশোধনাগার কর্তৃপক্ষের কাছে সেটা জানতে চাওয়া হয়েছে। ইতিহাসের পিএইচডিতে ভর্তির মেধা তালিকায় প্রথমেই অর্নবের নাম আছে। সেকারণেই ভর্তির প্রক্রিয়া স্থগিত রাখা হলো।

বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রধান সৈয়দ তানভীর নাসরিন বলেন, একজন প্রার্থী জেল বন্দী অবস্থায় নির্বাচনে দাঁড়িয়ে সাংসদ নির্বাচিত হচ্ছেন। সেক্ষেত্রে অর্ণবের ভর্তির ক্ষেত্রে কোনো বাধা থাকার কথা নয়।
তৃনমুল ছাত্র পরিষদের সভাপতি স্বরাজ ঘোষের দাবি, একজন সমাজের মূল স্রোতে ফিরতে চাইছেন, অথচ তাকে ভর্তি হতে দেওয়া হচ্ছে না। এটা ঠিক নয়। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মাওবাদীদের সমাজের মূল স্রোতে ফেরাতে আগ্রহী। তাই নিয়ম মেনে অর্ণবকে গবেষণার সুযোগ দেওয়া হোক।

oooooooooooooooo

উত্তর দিনাজপুর জেলার হেমতাবাদে বাড়ইবাড়ি এলাকায় কুয়ো তৈরির কাজ করার সময় দুই শ্রমিকের মৃত্যু হয়েছে। জানা গেছে, মাস দুয়েক আগে রেজাউল করিম নামে এক ব্যক্তির বাড়িতে এই কাজ শুরু হয়েছিল। কিন্তু পুরোপুরি কুয়োটি তৈরি হয়নি। আজ প্রথমে একজন কুয়োটি পরিস্কার করতে নেমে অচৈতন্য হয়ে পড়েন। তা দেখে আর একজন নীচে নামলে তাঁরও একই অবস্থা হয়। বাদল বর্মন ও জগাই রায় নামে দু-জনকে উদ্ধার করে হেমতাবাদ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। বিষাক্ত গ্যাসে তাঁদের মৃত্যু হয়েছে বলে অনুমান করা হচ্ছে।

oooooooooooooooo

ভারত-নেপাল সীমান্তে খরস্রোতা মেচি নদী পার হওয়ার সময় আজ তলিয়ে যান, এক মহিলা ও তাঁর মেয়ে। স্থানীয় লোকজন ছুটে গিয়ে মহিলাকে উদ্ধার করতে পারলেও মেয়েকে এখনও খুঁজে পাওয়া যায়নি। জানা গেছে, নদী পার করে ধান রোপন করতে গিয়েছিলেন নক্সালবাড়ির বড় মনিরামজোতের বাসিন্দা এই দু-জন। কাজ শেষ করে বাড়ি ফেরার পথে

এই বিপত্তি ঘটে। খবর পেয়ে ঘটনাস্থলে যান নক্সালবাড়ির বিডিও, পঞ্চায়েত প্রধান, পুলিশ ও এস এস বি-র জওয়ানরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগে মহামেডান স্পোটিং আজ ৩-১ গোলে আর্মি রেড দলকে পরাজিত করেছে। মহামেডান স্পোর্টিং এর পক্ষে এডিশন দুটি, ইসরাফিল একটি গোল করেছেন। আর্মি দলের প্রদীপ কর্মকার একটি গোল শোধ করেন। মহামেডান স্পোর্টিংযের চতুর্থ ম্যাচে এটি দ্বিতীয় জয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০